

বিস্মিল্লাহির রহমানির রহিম

সম্মানিত সুধি,

আসসালামু আলাইকুম। ভিশন এইড ফাউন্ডেশন (Vision Aid Foundation) এর পক্ষ থেকে আপনাকে শুভেচ্ছা।

দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর আর্থসামাজিক, শিক্ষা ও স্বাস্থ্য সেবার উন্নয়নের লক্ষ্য নিয়ে ভিশন এইড ফাউন্ডেশন এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। নিম্নবিত্ত ও বিত্তহীন পরিবারের নির্ভরশীল সদস্যদের অবস্থা খুবই নাজুক। সামান্য চশমার অভাবে অনেক বয়স্ক মানুষ পবিত্র কুরআন পড়তে পারে না, মাছের কাঁটা বেছে খেতে পারে না। চেকআপের অভাবে শিশুদের পিতা-মাতা জানতেই পারে না তাদের সন্তানের দৃষ্টির সীমাবদ্ধতার কথা। ছানি, গ্লুকোমাসহ ডায়াবেটিস জনিত চক্ষু রোগের কারণে বহু রোগী অন্ধত্বের অভিশাপ বয়ে নিয়ে বেড়াচ্ছে।

এই রোগীদের চিকিৎসা সেবা দেয়ার জন্য ‘ভিশন এইড ফাউন্ডেশন’ (Vision Aid Foundation) বিনামূল্যে ছানি অপারেশন, নামমাত্র মূল্যে/বিনামূল্যে চশমা প্রদান, শিশুদের চোখের দৃষ্টি পরীক্ষার জন্য ‘স্কুল ভিশন প্রোগ্রাম’, ডায়াবেটিক রেটিনোপ্যাথী স্ক্রিনিং প্রোগ্রাম এর উদ্যোগ নিয়েছে।

প্রিয় সুধি,

যে কোনো সেবা কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষার জন্য প্রয়োজন দু’টো জিনিসের; এক. উদ্যোগী, উদ্যোগী ও পরিশ্রমী কর্মীদল এবং দুই. নিরবিচ্ছিন্ন আর্থিক সহায়তা। প্রথমটি আমাদের আছে, একদল দক্ষ উদ্যোগী কর্মী। এই কর্মীদের ব্যক্তিগত তহবিল, দান, সদকা, যাকাতের অর্থ দিয়েই আমরা এটি শুরু করেছি। এখন আপনাদের উদার সহযোগিতার হাতের দিকে তাকিয়ে আছি আমরা এবং নিরলস, দিন মজুর, রিকসা-ভ্যান চালক, গৃহকর্মী, গৃহকর্মীর বৃদ্ধ পিতা-মাতা, পিতৃহীন শিশুরা!

আপনার এককালিন বা নিয়মিত দান, সদকা, যাকাতের অর্থে একজন দৃষ্টিহীন মানুষ চোখের দৃষ্টি ফিরে পেতে পারে। দেখতে পারে সুন্দর পৃথিবীর আলো, যা আপনার জন্য সদকায়ে জারিয়ার সুযোগ এনে দেবে। আর দৃষ্টিহীন ফিরে পাবে তার চোখের আলো, সেই আলোয় উজ্জ্বলিত হবে আমাদের সমাজ। মাহে রমজানকে সামনে রেখে এটাই আমাদের প্রত্যাশা।

আমাদের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানতে ভিজিট করুন: www.visionaidfoundation.org

শুভেচ্ছান্তে

তৌফিক মহিউদ্দীন

চেয়ারম্যান

ভিশন এইড ফাউন্ডেশন

ভিশন এইড ফাউন্ডেশনে ঢাকা পাঠানোর ঠিকানা

ভিশন এইড ফাউন্ডেশন

হিসাব নং-১০৮১৩৫০১২৪৬৬০

ইন্টার্ন ব্যাংক লিমিটেড

সাতমসজিদ রোড শাখা, ঢাকা